

## ■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৭৩২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৯২]

১৬। হজ্জ (কৃত্য)

পরিচ্ছেদঃ ৭. ইহরাম অবস্থায় মুহরিম ব্যক্তির সুগন্ধি ব্যবহার

بَابُ الطِّيبِ لِلْمُحْرِمِ عِنْدَ الْإِحْرَامِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، وَأَبُو كَامِلٍ جَمِيعًا عَنْ أَبِي عَوَانَةَ، - قَالَ سَعِيدٌ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، - عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدٍ بْنِ الْمُنْتَشِرِ، عَنْ أَبِيهِ، قَالَ سَأَلْتُ عَبْدَ اللَّهِ بْنَ عُمَرَ - رضي الله عنهم - عَنِ الرَّجُلِ، يَتَطَبَّبُ ثُمَّ يُصْبِحُ مُحْرِمًا فَقَالَ مَا أُحِبُّ أَنْ أُصْبِحَ مُحْرِمًا أَنْضَخْ طِبِيبًا لَأَنْ أَطْلَيَ بِقَطْرَانٍ أَحَبَّ إِلَيَّ مِنْ أَنْ أَفْعَلَ ذَلِكَ . فَدَخَلْتُ عَلَى عَائِشَةَ مُحْرِمًا أَنْضَخْ طِبِيبًا لَأَنْ أَطْلَيَ بِقَطْرَانٍ أَحَبَّ إِلَيَّ مِنْ أَنْ أَفْعَلَ ذَلِكَ . فَدَخَلْتُ عَلَى عَائِشَةَ مُحْرِمًا أَنْ أَنْضَخْ طِبِيبًا لَأَنْ أَبْنَ عُمَرَ قَالَ مَا أُحِبُّ أَنْ أُصْبِحَ مُحْرِمًا أَنْضَخْ طِبِيبًا لَأَنْ أَطْلَيَ بِقَطْرَانٍ أَحَبَّ إِلَيَّ مِنْ أَنْ أَفْعَلَ ذَلِكَ . فَقَالَتْ عَائِشَةُ أَنَا طَيِّبَتُ رَسُولَ اللَّهِ لَأَنْ أَطْلَيَ بِقَطْرَانٍ أَحَبَّ إِلَيَّ مِنْ أَنْ أَفْعَلَ ذَلِكَ . صَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ إِحْرَامِهِ ثُمَّ طَافَ فِي نِسَائِهِ ثُمَّ أَصْبَحَ مُحْرِمًا .

বাংলা

২৭৩২-(৪৭/১১৯২) সাঁইদ ইবনু মানসূর ও আবু কামিল (রহিমাত্তুল্লাহ) ..... ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি (মুহাম্মদ) বলেন, আমি আবদুল্লাহ ইবনু উমার (রাযঃ) কে এমন এক ব্যক্তি সম্পর্কে জিজেস করলাম- যে সুগন্ধি মেখেছে, অতঃপর মুহরিম অবস্থায় ভোরে উপনীত হয়েছে। তিনি বললেন, আমি ভোর বেলা এমন অবস্থায় ইহরাম বাঁধা পছন্দ করি না যে, আমি সুগন্ধি ঘোড়ে ফেলতে ব্যস্ত থাকব। এ কাজ (সুগন্ধি লাগানো) অপেক্ষা আমি আমার দেহে আলকাতরা মাথা অধিক পছন্দনীয় মনে করি। অতঃপর আমি (মুহাম্মদ) আয়িশাহ (রাযঃ) এর নিকট উপস্থিত হলাম এবং তাকে অবহিত করলাম যে, ইবনু উমার (রাযঃ) বলেন, “আমি ভোরবেলা এমন অবস্থায় ইহরাম বাঁধা পছন্দ করি না যে, আমি সুগন্ধি ঘোড়ে ফেলতে ব্যস্ত থাকব। এ কাজ (সুগন্ধি লাগানো) অপেক্ষা আমি আমার দেহে আলকাতরা লাগানো অধিক শ্রেয় মনে করি।” তখন আয়িশাহ (রাযঃ) বললেন, আমি নিজে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে তার ইহরাম বাঁধার সময় সুগন্ধি মেখে দিয়েছি। এরপর তিনি তার স্ত্রীদের নিকট চক্র দিলেন, এরপর ভোরবেলা ইহরাম বাঁধলেন।”\* (ইসলামিক ফাউন্ডেশন ২৭০৯, ইসলামিক সেন্টার ২৭০৮)

## English

Muhammad b. al-Muntashir reported on the authority of his father: I asked 'Abdullah b. 'Umar (Allah be pleased with them) about a person who applied perfume and then (on the following) morning entered upon the state of Ihram. Thereupon he said: I do not like to enter upon the state of Ihram shaking off the perfume. Rubbing of tar (upon my body) is dearer to me than doing this (i. e. the applying of perfume), I went to 'A'isha (Allah be pleased with her) and told her that Ibn 'Umar stated: " I do not like to enter upon the state of Ihram shaking off the perfume. Rubbing of tar (upon my body) is dearer to me than doing it (the applying of perfume)." Thereupon 'A'isha said: I applied perfume to the Messenger of Allah (ﷺ) at the time of his entering upon the state of Ihram. He then went round his wives and then put on Ihram in the morning.

## ফুটনোট

\* এ বর্ণনাসমূহ থেকে স্পষ্টভাবে জানা গেল যে, ইহরামের পূর্বে লাগানো সুগন্ধির দ্রাগ যদি ইহরাম বাঁধার পরও থেকে যায় তবে ক্ষতি নেই, তবে ইহরাম বাঁধার পর যেন সুগন্ধি না লাগানো হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু মুনতাশির (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=49815>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন